

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭৭৬

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নবী (সা.) -এর নামসমূহ ও গুণাবলি

الفصل الاول ( بَابِ أَسْمَاءِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصِفَاته)

### আরবী

عَنْ جُبَيْرِ بْنِ مُطْعَمٍ قَالَ: سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: إِنَّ لِي أَسْمَاءً: أَنَا مُحَمَّدٌ وَأَنَا الْحَاشِرُ الَّذِي يُحْشَرُ مُحَمَّدٌ وَأَنَا الْحَاشِرُ الَّذِي يُحْشَرُ النَّاسُ عَلَى قَدَمِي وَأَنَا الْعَاقِبُ. وَالْعَاقِب: الَّذِي لَيْسَ بعده شَيْء. مُتَّفق عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (3532) و مسلم (124 / 2354)، (6105) ـ (مُتَّفق عَلَيْهِ)

#### বাংলা

আবূ বকর ইবনু 'আরাবী আল মালিকী (রহিমাহুল্লাহ) উল্লেখ করেছেন, আল্লাহ তা'আলার যেমন গুণবাচক এক হাজার নাম রয়েছে অনুরূপ রাসূলুল্লাহ (সা.) -এরও গুণবাচক নাম রয়েছে। এর ভিতর থেকে ষাটের কিছু বেশি নাম তিনি উল্লেখ করেছেন।

আবূ হুসায়ন ইবনু ফারিস (রহিমাহুল্লাহ) উল্লেখ করেছেন, আমাদের নবী (সা.) -এর ২২টি গুণবাচক নাম রয়েছে যা ত্বীবী (রহিমাহুল্লাহ) বিস্তারিত আলোচনা করেছেন।

'আল্লামাহ্ সুয়ৃত্বী (রহিমাহ্লাহ)-এর (الْبَهْجَةُ السَّوِيَّةُ فِي الْأَسْمَاءِ النَّبُويَّةِ) গ্রন্থে তিনি ৫০০-এর কিছু বেশি গুণবাচক নাম উল্লেখ করেছেন। সেখান থেকে যাচাই বাছাই করে সংক্ষেপে নিরানকাইটি নাম উল্লেখ করেছেন। হাদীসে যেগুলো বর্ণিত হয়েছে সেগুলো নিম্নে বর্ণনা করা হলো। যেমন: (الشَّافِيَةُ وَالْوَافِيَةُ وَالْكَافِيَةُ وَالْمُعَامِّ وَالْمُعَامِّ وَالْمُعَالِيَّةُ وَالْمُوافِيَةُ وَالْمُعَامِّ وَالْمُعَامِ وَالْمُعَامِّ وَالْمُعَامِ وَالْمُعَامِّ وَالْمُعَامِّ وَالْمُعَامِّ وَالْمُعَامِّ وَالْمُعَامِّ وَالْمُعَامِّ وَالْمُعَامِّ وَالْمُعَامِّ وَالْمُعَامِ وَالْمُعَامِّ وَالْمُعَامِ وَالْمُعَامِّ وَالْمُعَامِّ وَالْمُعَامِّ وَالْمُعَامِّ وَالْمُعَامِّ وَالْمُعَامِّ وَالْمُعَامِّ وَالْمُعَامِّ وَالْمُعَامِ

৫৭৭৬-[১] জুবায়র ইবনু মুত্বইম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী (সা.) -কে বলতে শুনেছি, আমার অনেকগুলো নাম রয়েছে। আমি মুহাম্মাদ, আমি আহমাদ, আমি মাহী। আল্লাহ তা'আলা আমার দ্বারা কুফকে



নিশ্চিহ্ন করবেন। আমি 'আল হাশির', (কিয়ামতের দিন) মানব জাতিকে আমার পেছনে একত্রিত করা হবে। আর আমি হলাম আল 'আকিব এবং 'আকিব ঐ লোক, যার পরে আর কোন নবী নেই। (বুখারী ও মুসলিম)

## ফুটনোট

সহীহঃ বুখারী ৪৮৯৬, মুসলিম ১২৪-(২৩৫৪), তিরমিয়ী ২৮৪০, মালিক ৩৬৭৬, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩১৬৯১, মুসনাদে আবদ ইবনু হুমায়দ ৫৫৫, আবূ ইয়া'লা ৭৩৯৫, সহীহ ইবনু হিব্বান ৬৩১৩, দারিমী ২৭৭৫, আল মুজামুল কাবীর লিত্ব তবারানী ১৫০৪।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنَّ لِي أَسْمَاءً) রাসূলুল্লাহ (সা.) -কে বিভিন্ন নামে-গুণে ও চারিত্রিক বৈশিষ্ট্যের দ্বারা সম্বোধন করা হয়েছে। তার অনেক গুণবাচক নাম রয়েছে। এগুলোর ভিতরে মুহাম্মাদ নামটি অনেক প্রসিদ্ধি লাভ করেছে। কেননা তাঁর চারিত্রিক গুণের সকলেই প্রশংসা করেছেন।

وَأَنَا الْمَاحِي الَّذِي يَمْحُو اللَّهُ بِي الْكُفْرَ) আর আল্লাহ তা'আলা রাসূলুল্লাহ (সা.) -কে পৃথিবীতে প্রেরণ করেছেন, কুফরী অন্ধকারাচ্ছন্নতা দূর করার জন্য। রাসূলুল্লাহ (সা.) পৃথিবীতে সুস্পষ্ট আলো (কুরআন, সুন্নাহ) নিয়ে আগমন করেছেন, এমনিভাবে কুফরীশক্তি নিশ্চিহ্ন হয়ে গেছে।

ইমাম নবাবী (রহিমাহুল্লাহ) বলেছেন: সম্ভাবনা রয়েছে যে, এর দ্বারা উদ্দেশ্য হলো, দলীলের মাধ্যমে বিজয় লাভ করা, প্রধান্য পাওয়া অন্যান্য ধর্মের উপর।

এ মর্মে আল্লাহ তা'আলা বলেছেন: (لِيُظْ عَلَى الدِّيانِ كُلِّهِ) "তিনি সব দীনের উপর একে বিজয়ী করেন।" (সূরাহ আত্ তাওবাহ্ ৯: ৩৩)।

পূর্ববর্তী লোকেদের প্রতিনিধি করবেন তাকে (الْعَاقِبُ وَالْعَاقِبُ الَّذِي لَيْسَ بَعْدَهُ نَبِيً) বলা হয়। (শারহুন নাবাবী ১৫শ খণ্ড, হা, ২৩৫৪/১২৪; মিরকাতুল মাফাতীহ)

### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ জুবায়র ইবনু মুত'ইম (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন